তারিখ ... 30 MAY 2016 ...
পৃ ... ২৬ ... কলাম ... ৪ ......

কালের কণ্ঠ

# রূপগঞ্জে মহিলা মেম্বারের দাপট
# স্কুলের প্রধান শিক্ষক লাঞ্ছিত

**রূপগঞ্জ প্রতিনিধি ▷**

নারায়ণগঞ্জের রূপগঞ্জে একজন নবনির্বাচিত মহিলা মেম্বারের দাপটে অস্থির এলাকাবাসী। কায়েতপাড়া ইউনিয়নের মেম্বার বিউটি আক্তার কুট্টি গতকাল সোমবার সকালে লাঞ্ছিত করেছেন একটি স্কুলের প্রধান শিক্ষককে। মেম্বারের দুই নাতনীকে স্কুলে ফ্রি পড়াতে রাজি না হওয়ায় এ ঘটনা বলে জানা গেছে। এ নিয়ে এলাকায় উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

চনপাড়া পুনর্বাসনকেন্দ্রের আলামিন মডেল একাডেমি স্কুলের প্রধান শিক্ষক ফারুক আহাম্মেদ অভিযোগ করে বলেন, স্থানীয় নবনির্বাচিত ইউপি সদস্য বিউটি আক্তার কুট্টির নাতনী বর্ষা (৮) ও পাবেল (৬) এ স্কুলের শিক্ষার্থী। তাদের দুজনের লেখাপড়া ফ্রি করাতে হবে বলে সম্প্রতি চাপ দিচ্ছিলেন কুট্টি। বিষয়টি নিয়ে স্কুল পরিচালনা কমিটির সভাপতি নুরুল ইসলাম নান্নুর সঙ্গে কথা বলার জন্য পরামর্শ দেওয়া হয়েছিল। সভাপতি দুই শিশুর বেতন ফ্রি করে দিলেও কোচিং ফি বহাল রাখেন। এ নিয়ে ক্ষুব্ধ হয়ে মহিলা মেম্বার সোমবার সকালে স্কুলে ঢুকে চড়াও হন। অকথ্য ভাষায় গালাগাল শুরু করেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ইউপি মেম্বারের আচরণ ও গালাগাল নিয়ে প্রতিবাদ করলে প্রধান শিক্ষক ফারুক আহাম্মেদকে শিক্ষক-শিক্ষার্থীদের সামনেই লাঞ্ছিত করেন। বিউটি আক্তার কুট্টি লোকজন নিয়ে শিক্ষককে শারীরিকভাবে আক্রমণের পাশাপাশি জুতাপেটা করেন। অফিস রুমের চেয়ার-টেবিলসহ কাগজপত্র ফেলে দেন। সংবাদ পেয়ে স্থানীয় লোকজন শিক্ষক ফারুককে উদ্ধার করে। অভিযুক্ত ইউপি সদস্য বিউটি আক্তার কুট্টি কালের কণ্ঠকে বলেন, 'আমি জুতাপেটা করিনি, জুতাপেটা করব বলেছি।'

রূপগঞ্জ থানার ওসি ইসমাইল হোসেন বলেন, শিক্ষক লাঞ্ছনার সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।